মেহেরপুরে জনপ্রতি ফিতরা ১১০ টাকা, সর্বোচ্চ ২,৫০০ টাকা নির্ধারণ

মেহেরপুরে চলতি বছরের জন্য জনপ্রতি সর্বনিম্ন ফিতরা ১১০ টাকা এবং সর্বোচ্চ ২,৫০০ টাকা নির্ধারণ করা হয়েছে। একই সঙ্গে জাকাতের নিসাব নির্ধারণ করা হয়েছে ১ লাখ ৩০ হাজার টাকা।

বাংলাদেশ জাতীয় ইমাম সমিতি মেহেরপুর জেলা শাখা বাজার মনিটরিংয়ের মাধ্যমে এ হার নির্ধারণ করে।

বুধবার দুপুর ২টার দিকে মেহেরপুর হোটেল বাজার জামে মসজিদে অনুষ্ঠিত এক আলোচনা সভায় ফিতরা ও জাকাতের নিসাব নির্ধারণ করা হয়।

মেহেরপুর জেলা ইমাম সমিতির সভাপতি রোকনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন জেলা শাখার সাংগঠনিক সম্পাদক আব্দুল ওহাব, দপ্তর সম্পাদক জামাল উদ্দিন, সহ-দপ্তর সম্পাদক ইদ্রিস আলী, সাইফুর ইসলাম, আব্দুর রহমানসহ স্থানীয় মুসল্লিগণ।

সভায় জানানো হয়, স্থানীয় বাজারদর বিবেচনায় শরিয়াহসম্মতভাবে এ হার নির্ধারণ করা হয়েছে এবং সামর্থ্য অনুযায়ী ফিতরা আদায়ের জন্য সকলকে আহ্বান জানানো হয়।

মেহেরপুরে সর্বনিম্ন ফিতরা ১০০ টাকা, সর্বোচ্চ ৩৩০০ টাকা

বাংলাদেশ জাতীয় ইমাম সমিতির মেহেরপুর জেলা শাখার উদ্যোগে ফিতরা ও যাকাতের নিসাব নির্ধারণ করা হয়েছে।

বৃহস্পতিবার (৬ মার্চ) দুপুর দুইটার দিকে মেহেরপুর হোটেল বাজার

জামে মসজিদে এক আলোচনা সভার মাধ্যমে এই নিসাব নির্ধারণ করা হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা ইমাম সমিতির সভাপতি হাফেজ মাওলানা রোকনুজ্জামান। সভায় আরও উপস্থিত ছিলেন জেলা ইমাম সমিতির সাধারণ সম্পাদক মাওলানা সিরাজ উদ্দীন, সাংগঠনিক সম্পাদক মাওলানা মো. আব্দুল ওহাব, দপ্তর সম্পাদক মাওলানা জামাল উদ্দীন, সহ-দপ্তর সম্পাদক মাওলানা ইদ্রিস আলী, সদস্য মাওলানা সাইফুল ইসলাম এবং উপদেষ্টা মাওলানা সিদ্দিকুর রহমানসহ অন্যান্য মুসল্লিগণ।

সভায় ফিতরার হার নির্ধারণ করা হয় সর্বনিম্ন ১০০ টাকা ও সর্বোচ্চ ৩৩০০ টাকা জনপ্রতি।

এছাড়া, যাকাতের নিসাব নির্ধারণ করা হয়। সমস্ত ব্যক্তিগত খরচ বাদ দিয়ে সর্বনিম্ন ৮০,৩৭৫ টাকা সঞ্চিত থাকলে, সেই টাকার আড়াই শতাংশ (২.৫%) হারে যাকাত প্রদান করতে হবে।